# পিরোজপুরে বিএনপি কার্যালয়ে ঢুকে ‘জয় বাংলা’ স্লোগান, তিন কিশোর গ্রেপ্তার



সংগৃহীত ছবি

পিরোজপুরের মঠবাড়িয়ায় বড় হারজি ওয়ার্ডের বিএনপি কার্যালয়ে ঢুকে ‘জয় বাংলা’ ও শেখ হাসিনার নামের স্লোগান দেয়ার ঘটনায় তিন কিশোরকে পুলিশ গ্রেপ্তার করেছে। স্থানীয় বিএনপি কর্মী ও সমর্থকরা তাদের আটক করে থানায় হস্তান্তর করেন।

গ্রেপ্তারদের মধ্যে রয়েছেন পাঠাকাটা গ্রামের মো. আল আমিনের ছেলে অলি (১৫), মো. নূরুল হকের ছেলে রাকিবুল ইসলাম (১৫) এবং মো. খলিলুর রহমানের ছেলে জুবায়ের (১৬)। শনিবার তাদের আদালতে প্রেরণ করা হয়েছে।

ঘটনার সূত্রপাত ৩০ অক্টোবর রাতে, যখন সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয় দুই কিশোরের ভিডিও, যেখানে তারা বিএনপি কার্যালয়ে বসে জয় বাংলা স্লোগান দিচ্ছিল। পরে স্থানীয়রা ভিডিওতে থাকা কিশোরসহ এক জনকে আটক করে পুলিশে দেন।

LENS ASIA

পাঠাকাটা ৯ নম্বর ওয়ার্ডের বিএনপি নেতারা জানান, এটি মূল অফিস নয়। এখানে সাধারণ স্থানীয় লোকেরা অবস্থান করেন এবং অফিসে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ছবি টাঙানো আছে। তাদের মতে, কিছু মহল এই সুযোগ নিয়ে কিশোরদের মাধ্যমে ঘটনা ঘটিয়েছে।

স্থানীয় বিএনপি নেতা মো. শহীদুল ইসলাম অফিসে অনধিকার প্রবেশ ও ভাঙচুরের অভিযোগে মঠবাড়িয়া থানায় মামলা দায়ের করেছেন। মঠবাড়িয়া থানার ওসি আবদুল্লাহ আল মামুন জানান, পুলিশ দ্রুত ঘটনাস্থলে পৌঁছে কিশোরদের আটক করে থানায় আনে এবং মামলার পর আদালতে প্রেরণ করে।